# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৩৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮১]

১। ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৮০. আখিরাতে মুমিনগণ তাদের প্রভুকে দেখতে পাবে।

باب إِثْبَاتِ رُؤْيَةِ الْمُؤْمِنِينَ فِي الآخِرَةِ رَبَّهُمْ سُبْحَانَهُ وَتَعَالَى

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةَ، قَالَ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ صُهَيْبٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِذَا دَخَلَ أَهْلُ الْجَنَّةِ الْجَنَّةَ ـ قَالَ ـ يَقُولُ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى تُرِيدُونَ شَيْئًا أَزِيدُكُمْ فَيَقُولُونَ أَلَمْ تُبَيِّضْ وُجُوهَنَا أَلَمْ تُدْخِلْنَا الْجَنَّةَ وَتُنَجِّنَا مِنَ النَّارِ ـ قَالَ ـ فَيَكْشِفُ الْحِجَابَ فَمَا أُعْطُوا شَيْئًا أَحَبَّ إِلَيْهِمْ مِنَ النَّظَرِ إِلَى رَبِّهِمْ عَزَّ وَجَلَّ " .

বাংলা

৩৩৮-(২৯৭/১৮১) উবাইদুল্লাহ ইবনু ’উমার ইবনু মাইসারাহ (রাযিঃ) ..... সুহায়ব (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, জান্নাতীগণ যখন জান্নাতে প্রবেশ করবে তখন আল্লাহ তা’আলা তাদেরকে বলবেন, তোমরা কি চাও, আমি আরো অনুগ্রহ বাড়িয়ে দেই? তারা বলবে, আপনি কি আমাদের চেহারাগুলো আলোকজ্জ্বল করে দেননি, আমাদের জান্নাতে দাখিল করেননি এবং জাহান্নাম থেকে নাযাত দেননি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, এরপর আল্লাহ তা’আলা আবরণ তুলে নিবেন। আল্লাহর দর্শন লাভের চেয়ে অধিক পছন্দনীয় জিনিস আর কিছুই তাদের দেয়া হয়নি*। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৪৬ ইসলামিক সেন্টারঃ ৩৫৭)

## English

Chapter: Affirming that the believers will see their Lord, Glorious is he and most high, in the hereafter

Suhaib reported the Apostle (ﷺ) saying: When those deserving of Paradise would enter Paradise, the Blessed and the Exalted would ask: Do you wish Me to give you anything more? They would say: Hast Thou not brightened

our faces? Hast Thou not made us enter Paradise and saved us from Fire? He (the narrator) said: He (God) would lift the veil, and of things given to them nothing would he dearer to them than the sight of their Lord, the Mighty and the Glorious.

### ফুটনোট

* আল্লাহ তা'আলা পবিত্র কুরআন মাজীদের মধ্যে সূরাহ আল আন’আম এর ১০৩ নং আয়াতে ইরশাদ করেনঃ “দৃষ্টিসমূহ তাকে পেতে পারেন না অবশ্য তিনি দৃষ্টিসমূহকে পেয়ে থাকেন। তিনি অত্যন্ত সূক্ষ্মদর্শী, সুবিজ্ঞ।"

আহলে সুন্নাত ওয়াল জামা'আতের আকীদাহ (বিশ্বাস) হল, এ জগতে আল্লাহ তা'আলাকে দেখা সম্ভব নয়। যেমন মূসা (আঃ) বলেছিলেন, “হে আমার প্রতিপালক! তুমি আমাকে দেখা দাও।" উত্তরে আল্লাহ বললেন, “তুমি কষ্মিনকালেও আমাকে দেখতে পারবে না"- (সূরাহ আল আ'রাফ ৭ঃ ১৪৩)। যখন মূসা (আঃ) তার প্রতিপালকের দেখার সুযোগ পেলেন না, তখন অন্য জিন বা মানুষের পক্ষে কিভাবে তা সম্ভব হতে পারে? তবে পরকালে মুমিনগণ আল্লাহ তা'আলার দর্শন লাভে ধন্য হবে। যা সহীহুল বুখারীও সহীহ মুসলিমের হাদীস দ্বারা এবং পবিত্র কুরআনের সূরাহ কিয়ামাহ এর ২৩ নং আয়াত দ্বারা প্রমাণিত। আর কাফিররা সেদিন শাস্তি স্বরূপ আল্লাহকে দেখার গৌরব হতে বঞ্চিত হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সুহায়ব আর্ রূমী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47095

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন